

সেই ছোট মেয়েটা

এই তো ছোট মেয়েটা হঠাৎ করে
বেড়ে উঠলো চোখের পলকে
নিঃসংকোচে বেড়ে উঠা ।

দুষ্টামি ছড়ানো
কৈশোর পেরোনো
দূরন্ত বালিকা
বেড়ে উঠে
ঘরের আশ-পাশ ঘিরে ।

সন্ধ্যাবেলায় ঘুমিয়ে পড়া
রাতের গভীরতায় কেঁদে উঠা
মায়ের বুক ধরে জড়িয়ে থাকা
বাবার স্পর্শে ঝাপটা ঝাপটি
বুকের মধ্যে লাফ ঝাঁপ
হৃদয়ে বেড়ে উঠে সে মেয়েটা ।

হঠাৎ করে বেড়ে উঠে
নিজেকে নিয়ে গড়ে তোলে নিজের ভূবন
যেন কতটা দূরে, কতটা কাছে
কৈশোর পেরিয়ে, দূরন্তপনা হারিয়ে
বেড়ে উঠে নিজের কাছে ।

জাভেদ আকতার
প্রথমকবিতা@জিমেইল.কম